

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.০২.০০৬.২৩- ৮৫১

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০  
০৮ অক্টোবর ২০২৩

**নিয়োগ বিজ্ঞপ্তি**


স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ১২-০৯-২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৮০ নম্বর স্মারক এবং স্থানীয় সরকার বিভাগ, মনিটরিং-১ শাখার ২৬-০৯-২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৯৯.১১.০০২.২২- ২৭৫ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক ঝিনাইদহ জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহে 'ইউনিয়ন পরিষদ সচিব' এর ০৩ (তিন) টি শূন্য পদে এবং জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় 'অফিস সহায়ক' এর ০১ (এক) টি শূন্য পদে এবং জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় 'অফিস সহায়ক' এর ০১ (এক) টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ও প্যানেল সংরক্ষণের লক্ষ্যে কেবলমাত্র ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	ইউনিয়ন পরিষদ সচিব	বেতন স্কেল ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) [বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়]	০৩ (তিন) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন্বন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী
২	অফিস সহায়ক	বেতন স্কেল ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

**শর্তাবলী :**

১.	আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২.	আবেদনকারীকে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। স্বহস্তে লিখিত আবেদনপত্র ব্যতীত গ্রহণযোগ্য হবে না।
৩.	সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসক, ঝিনাইদহকে সম্বোধন করে আগামী ০২-১১-২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালে জেলা প্রশাসক, ঝিনাইদহ এর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহের স্থানীয় সরকার শাখা হতে অথবা <a href="http://www.jhenaidah.gov.bd">www.jhenaidah.gov.bd</a> ওয়েবসাইটে পাওয়া যাবে।
৪.	নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
৫.	বিবাহিত নারী প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৬.	প্রার্থীর বয়সসীমা ০২-১১-২০২৩ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা নাতি/নাতনির ক্ষেত্রে বয়স ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৬.	আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে- ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি (৫×৫ সে.মি.) রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে। খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র। গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি। ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র। ঙ) সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধার কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, মুক্তিযোদ্ধা সনদ, মুক্তিবার্তা, গেজেট, মন্ত্রণালয়ের সনদ, মুক্তিযোদ্ধার নাতি/নাতনীর ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।
৭.	আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, ঝিনাইদহ এর অনুকূলে 'ইউপি সচিব' পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং 'অফিস সহায়ক' পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা দিতে হবে।
৮.	চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
৯.	যোগাযোগের সুবিধার্থে আবেদনের সঙ্গে ১০/- (দশ) টাকার ডাকটিকিট যুক্ত নিজ ঠিকানা সম্বলিত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে চান) কমপক্ষে ১০'-৪'৫ সাইজের খাম সংযুক্ত করতে হবে।
১০.	বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১১.	সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ডিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
১২.	কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৩.	লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্র এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৪.	নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
১৫.	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৬.	প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
০৮/১০/২০২৩

এস. এম. রফিকুল ইসলাম

জেলা প্রশাসক

ঝিনাইদহ

☎ ০২৪৭৭৭-৪৬৮৮৮

E-mail [dcjhenaidah@mopa.gov.bd](mailto:dcjhenaidah@mopa.gov.bd)

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.০২.০০৬.২৩- ৮৫১/১(১০০)


তারিখ : ২৩ আশ্বিন ১৪৩০  
০৮ অক্টোবর ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো-

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রচারের জন্য প্রেরণ করা হলো-

- ০১। জেলা প্রশাসক, .....(সকল)।
- ০২। পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৩। নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ..... (সকল), ঝিনাইদহ।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল), ঝিনাইদহ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। মেয়র, ..... (সকল) পৌরসভা, ঝিনাইদহ।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইদহ।
- ০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ। তাকে বিজ্ঞপ্তিটি আবেদন ফরমসহ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ।
- ১০। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঝিনাইদহ।
- ১১। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, ..... (সকল), ঝিনাইদহ।
- ১২। পোস্ট মাস্টার, ঝিনাইদহ।
- ১৩। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার  
১) জাতীয় দৈনিক : দৈনিক ইত্তেফাক ও ২) স্থানীয় দৈনিক : দৈনিক বীর জনতা পত্রিকায় আগামী ১১ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে স্বল্প পরিসরে একদিনের জন্য বর্ণিত বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। নোটিশ বোর্ড।
- ১৫। অফিস কপি/মাস্টার ফাইল।

  
০৮/১০/২০২৩  
জেলা প্রশাসক  
ঝিনাইদহ

চাকরির আবেদন ফরম

৫x৫ সে.মি  
ছবি  
(সম্প্রতি তোলা দুই কপি)

বরাবর

জেলা প্রশাসক  
ঝিনাইদহ

১.	পদের নাম :					
২.	বিজ্ঞপ্তির নম্বর :	তারিখ :	দিন	মাস	বৎসর	
৩.	প্রার্থীর নাম	বাংলায় : ইংরেজিতে (বড় অক্ষরে):				
৪.	জাতীয় পরিচয় নম্বর	(যে কোন একটি)				
	জন্ম নিবন্ধন নম্বর					
৫.	জন্ম তারিখ :	৬. জন্মস্থান (জেলা) :				
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স :	বছর	মাস	দিন		
৮.	মাতার নাম :					
৯.	পিতার নাম :					
১০.	ঠিকানা :	বর্তমান		স্থায়ী		
	বাসা ও সড়ক (নাম/নম্বর) :					
	গ্রাম/পাড়া/মহল্লা :					
	ইউনিয়ন/ওয়ার্ড :					
	ডাকঘর :					
	পোস্টকোড নম্বর :					
	উপজেলা :					
	জেলা :					
১১.	যোগাযোগ :	মোবাইল/টেলিফোন নম্বর-		ই-মেইল (যদি থাকে)-		
১২.	জাতীয়তা :	১৩.	জেডার :			
১৪.	ধর্ম :	১৫.	পেশা :			
১৬.	শিক্ষাগত যোগ্যতা :					
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):					
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে):					
১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী		
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য		অন্যান্য (উল্লেখ করুন)	
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর :	তারিখ:	দিন	মাস	বৎসর	
	ব্যাংক ও শাখার নাম :					
২১.	বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন) :	হ্যাঁ	না	প্রয়োজ্য নয়		
আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।						
	তারিখ:	দিন	মাস	বৎসর		
				প্রার্থীর স্বাক্ষর		